গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১/১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

**স্মারক নম্বর:** ১৫.৫৩.০০০০.০০০.০১৪.১৮.০০১০.২৫.১১১

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪৩৩
১৯ মে ২০২৬

বিষয়: **শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম শাহাদতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে আয়োজিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী প্রেরণ।**

সূত্র: তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রশাসন-২ অধিশাখার ১৪/০৫/২০২৬ তারিখের ১৫.০০.০০০০.০০০.০১৫.২৩.০০০১.২৬.১৫০ নম্বরপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ৩০ মে ২০২৬ তারিখে শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম শাহাদতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে ১১ মে ২০২৬ তারিখে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীর মর্মানুযায়ী জরুরিভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে পত্রটির অনুলিপি প্রেরণ করা হলো।

সংযুক্তি: কার্যবিবরণীর অনুলিপি।

**সংযুক্তিঃ**
(১) কার্যবিবরণীর অনুলিপি।

১৯-০৫-২০২৬
মোঃ নাবিদুল হক
সহকারী বার্তা নিয়ন্ত্রক (কমন ও অডিট)
মহাপরিচালকের পক্ষে

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান) (চলতি দায়িত্ব ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৩। অতিরিক্ত মহাপরিচালক (বার্তা) (চলতি দায়িত্ব ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৪। উপমহাপরিচালক, (অনুষ্ঠান-১/২), বাংলাদেশ বেতার।
৫। উপমহাপরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার।
৬। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সংরক্ষণ ও সরঞ্জাম/কারিগরী কার্য, বাংলাদেশ বেতার, ঢাকা/বাংলাদেশ বেতার, কবিরপুর, ঢাকা/মহাশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ধামরাই, ঢাকা।
৭। পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার।
৮। পরিচালক, অনুষ্ঠান/লিয়াজোঁ/শিক্ষা/সংগীত/কৃষি বিষয়ক কার্যক্রম/ বাংলাদেশ বেতার, ঢাকা/জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেল/কেন্দ্রীয় বার্তা সংস্থা/মনিটরিং পরিদপ্তর/বাণিজ্যিক কার্যক্রম/ট্রান্সক্রিপশন সার্ভিস/বহির্বিশ কার্যক্রম/ট্রাফিক সম্প্রচার কার্যক্রম।
৯। আবাসিক প্রকৌশলী, উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, বাংলাদেশ বেতার, সাভার, ঢাকা/বাংলাদেশ বেতার, নওয়াপাড়া, যশোর/বাংলাদেশ বেতার, কালুরঘাট, চট্টগ্রাম/বাংলাদেশ বেতার, কাহালু, বগুড়া।

১০। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র/সংরক্ষণ অনুবিভাগ/জাতীয় বেতার ভবন/পরিকল্পনা শাখা, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
১২। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী/ বেতার প্রকাশনা দপ্তর/ সিলেট/ রংপুর/ খুলনা/ বরিশাল/ কক্সবাজার/বান্দরবান/ঠাকুরগাঁও/ রাঙ্গামাটি/ কুমিল্লা/ গোপালগঞ্জ/ময়মনসিংহ।
১৩। আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/ বরিশাল/ কক্সবাজার/ বান্দরবান/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/গোপালগঞ্জ/ময়মনসিংহ/নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, লালমাই, কুমিল্লা।
১৪। স্টেশন প্রকৌশলী, মনিটরিং পরিদপ্তর/ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, ঢাকা।
১৫। আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/রংপুর/ খুলনা/বরিশাল/ কক্সবাজার/ বান্দরবান/ ঠাকুরগাঁও/ রাঙ্গামাটি/কুমিল্লা/গোপালগঞ্জ/ময়মনসিংহ।
১৬। উপ-আঞ্চলিক প্রকৌশলী, কেন্দ্রীয় ভান্ডার, বাংলাদেশ বেতার, পাহাড়তলী, চট্টগ্রাম।
১৭। উপপরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৮। উপস্টেশন প্রকৌশলী (প্রশিক্ষণ, নিরাপত্তা ও আইন শাখা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৯। সহকারী পরিচালক (যানবাহন শাখা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২০। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

স্মারক নম্বর: ১৫.০০.০০০০.০০০.০১৫.২৩.০০০১.২৬.১৫০

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩৩ / ১৪ মে ২০২৬

**বিষয় : শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম শাহাদতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে আয়োজিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী প্রেরণ।**

আগামী ৩০ মে ২০২৬ তারিখে শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম শাহাদতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে ১১ মে ২০২৬ তারিখে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: কার্যবিবরণী ০৪ (চার) পাতা।

১৪/০৫/২৬

মোঃ মাসুদ খাঁন
উপসচিব
ফোন: ২২৩৩৮০৭৮৭
ই-মেইল: admin2@moi.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত সচিব (সকল), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়;
২. অধিদপ্তর/দপ্তর/সংস্থা প্রধান (সকল), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা;
৩. যুগ্মসচিব (সকল), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়;
৪. উপসচিব/সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১/টিভি-১/টিভি-২/বেতার-২)প্রেস-১/প্রেস-২/চলচ্চিত্র-১/চলচ্চিত্র-২/তগ-১/তগ-২), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।

**অনুলিপি: সদয় অবগতির জন্য**

১. মন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য);
৩. সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৪. অফিস কপি;
৫. মাস্টার ফাইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

**শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম শাহাদতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে আয়োজিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | : জহির উদ্দিন স্বপন, এমপি<br>মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় |
| সভার তারিখ | : ১১ মে ২০২৬ |
| সময় | : দুপুর ১২.০০ টা |
| স্থান | : তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| সভার উপস্থিতি | : পরিশিষ্ট-'ক'তে সংযুক্ত। |

০২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সম্প্রচার) সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি জানান যে, আগামী ৩০ মে ২০২৬ তারিখে শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম শাহাদতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বিভিন্ন কর্মসূচি ও অনুষ্ঠান পালন করবে। এসব কর্মসূচি ও অনুষ্ঠান আয়োজনের বিষয়ে প্রস্তুতি গ্রহণের লক্ষ্যে এ সভাটি আয়োজন করা হয়েছে।

০৩। শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম শাহাদতবার্ষিকী পালন উপলক্ষ্যে পিআইডি'র প্রধান তথ্য অফিসার সভায় কিছু প্রস্তাব উপস্থাপন করেন। উপস্থাপিত প্রস্তাবের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | প্রস্তাব ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **আলোচনা সভা/সেমিনার, রচনা প্রতিযোগিতা ও চিত্রাংকন প্রতিযোগিতা :**<br><br>প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর জানান যে, শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম শাহাদতবার্ষিকী উপলক্ষ্যে তাঁর উদ্যোগে প্রতিষ্ঠিত প্রেস ইনস্টিটিউট বাংলাদেশে আলোচনা সভা বা সেমিনার আয়োজন করা যেতে পারে। শহিদ জিয়ার জীবন ও কর্ম নিয়ে স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের জন্য রচনা প্রতিযোগিতার আয়োজন করা যেতে পারে। প্রতিযোগিতাটির পুরস্কার বিতরণী অনুষ্ঠান সুবিধাজনক সময়ে আয়োজন করা যেতে পারে এবং এতে মাননীয় মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানানো যেতে পারে। | ক) শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম শাহাদতবার্ষিকী উপলক্ষ্যে উপযুক্ত সময়ে আলোচনা সভা বা সেমিনার আয়োজন করতে হবে;<br><br>খ) শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের জীবন ও কর্ম নিয়ে স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের জন্য রচনা প্রতিযোগিতার আয়োজন করতে হবে। প্রতিযোগিতাটির পুরস্কার বিতরণী অনুষ্ঠান সুবিধাজনক সময়ে আয়োজন করতে হবে এবং এতে মাননীয় মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানাতে হবে। | মহাপরিচালক, পিআইবি<br><br>মহাপরিচালক, পিআইবি |

| ক্রম | প্রস্তাব ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বলেন যে, আগামী ১৭ মে ২০২৬ তারিখ আর্কাইভ দিবস পালিত হবে। শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম শাহাদতবার্ষিকী উপলক্ষ্যে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ শিশু-কিশোরদের চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজন করতে পারে। এ প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান ১৭ মে ২০২৬ তারিখে হতে পারে।<br><br>বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মহাপরিচালক জানান যে, আগামী ১৪ মে ২০২৬ তারিখে চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজন করা হবে। | গ) শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম শাহাদতবার্ষিকী উপলক্ষ্যে শিশু-কিশোরদের চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজন করতে হবে। ১৭ মে ২০২৬ তারিখ আর্কাইভ দিবসে প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান আয়োজন করতে হবে এবং এতে মাননীয় মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কে প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করার জন্য আমন্ত্রণ জানাতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ |
| ২. | **আলোকচিত্র প্রদর্শনী ও ক্রোড়পত্র :**<br><br>প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর জানান যে, ডিএফপি'র উদ্যোগে তথ্য ভবন চত্বরে আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করা যেতে পারে। সেখানে ডিএফপি ও পিআইডি'র ছবি ছাড়াও ফটোসাংবাদিকদের কাছ থেকে সংগৃহীত ছবি প্রদর্শন করা যেতে পারে। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উদ্যোগে সংবাদপত্রে বিশেষ ক্রোড়পত্র প্রকাশ করা যেতে পারে। এছাড়া জাতীয় বার্তা সংস্থা হিসেবে বাসস ওইদিন বিশেষ প্রতিবেদন পরিবেশন করতে পারে।<br><br>যুগ্মসচিব (প্রশাসন) বলেন যে, ৩০ মে ২০২৬ পবিত্র ঈদ উল আযহার সরকারি ছুটির অন্তর্ভুক্ত। ওইদিন পত্রিকা বের হবে কিনা, তা আগে জানা প্রয়োজন।<br><br>সভাপতি বলেন যে, ৩০ মে ২০২৬ তারিখ পত্রিকা বন্ধ থাকলে ঈদের ছুটি শুরু হওয়ার আগেরদিন ক্রোড়পত্র প্রকাশের উদ্যোগ নিতে হবে। | ক) ডিএফপি ও পিআইডি'র ছবিসহ ফটোসাংবাদিকদের কাছ থেকে সংগৃহীত ছবি নিয়ে তথ্য ভবন চত্বরে আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করতে হবে।<br><br>খ) সংবাদপত্রে বিশেষ ক্রোড়পত্র প্রকাশের উদ্যোগ নিতে হবে। ৩০ মে ২০২৬ তারিখ পত্রিকা বন্ধ থাকলে ঈদের ছুটি শুরু হওয়ার আগেরদিন ক্রোড়পত্র প্রকাশ করতে হবে। | ১) প্রধান তথ্য অফিসার, পিআইডি<br>২) মহাপরিচালক, ডিএফপি<br><br>মহাপরিচালক, ডিএফপি |
| ৩. | **বিশেষ অনুষ্ঠানমালা/প্রামাণ্যচিত্র প্রচার :**<br><br>প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর জানান যে, শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম শাহাদতবার্ষিকী উপলক্ষ্যে বিটিভি ও বেতারে বিশেষ অনুষ্ঠানমালা প্রচার করা যেতে পারে। এছাড়া গণযোগাযোগ অধিদপ্তর দেশব্যাপী ডকুমেন্টারি প্রদর্শন করতে পারে।<br><br>সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রস্তুতি সম্পর্কে জানতে চান। | ক) শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম শাহাদতবার্ষিকী উপলক্ষ্যে বিটিভি ও বেতারে বিশেষ অনুষ্ঠানমালা প্রচার করতে হবে।<br><br>খ) গণযোগাযোগ অধিদপ্তর দেশব্যাপী ডকুমেন্টারি প্রদর্শন করবে। | মহাপরিচালক, বিটিভি/বাংলাদেশ বেতার<br><br>মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর |

| ক্রম | প্রস্তাব ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- |
| | জবাবে বিটিভি'র মহাপরিচালক জানান যে, ৩০ মে ২০২৬ পবিত্র ঈদ উল আযহার অনুষ্ঠানমালার অন্তর্ভুক্ত হলেও শাহাদতবার্ষিকীর প্রতি সম্মান রেখে ওইদিন বিটিভিতে উচ্ছল কোনো প্রোগ্রাম সম্প্রচার করা হবে না। এর পরিবর্তে দিনব্যাপী তথ্যনির্ভর অনুষ্ঠানমালা সম্প্রচার করা হবে। শিশু-কিশোরদের উপযোগী অনুষ্ঠান, সংগীত, প্রামাণ্য অনুষ্ঠান, দেশাত্মবোধক গান, টক-শো ইত্যাদি প্রোগ্রাম নিয়ে অনুষ্ঠানমালা সাজানো হচ্ছে। এছাড়া বিভিন্ন প্রোগ্রামের মাঝে দুই মিনিটের ছোট ফিলার/প্রোগ্রাম প্রচার করা হবে, যাতে জিয়াউর রহমানের জীবনের গুরুত্বপূর্ণ ঘটনাবলি ও সাফল্য উপস্থাপন করা হবে। | গ) চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর প্রামাণ্যচিত্র নির্মাণ ও গণযোগাযোগ অধিদপ্তরকে সরবরাহ করবে।<br><br>ঘ) এ উপলক্ষ্যে নির্মিত যেকোনো প্রোগ্রাম/ প্রামাণ্যচিত্র প্রচারের পূর্বে অবশ্যই মন্ত্রণালয় কর্তৃক ভেটিং করিয়ে নিতে হবে। | মহাপরিচালক, ডিএফপি<br><br>মহাপরিচালক, বিটিভি/ বাংলাদেশ বেতার/ গণযোগাযোগ অধিদপ্তর/ডিএফপি |
| | অতিরিক্ত সচিব (সম্প্রচার) বলেন যে, শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান সর্বপ্রথম বাংলাদেশকে মুক্তবাজার অর্থনীতির সাথে যুক্ত করেন। তাই বিটিভি'র প্রোগ্রামসমূহে যাতে এই বিষয়টি ফোকাস করা হয়, সেজন্য বিটিভি'র মহাপরিচালককে অনুরোধ করেন।<br><br>বাংলাদেশ বেতারের মহাপরিচালক জানান যে, শাহাদতবার্ষিকী উপলক্ষ্যে ৩০ মে ২০২৬ তারিখে বাংলাদেশ বেতারের ১৪টি কেন্দ্র বিশেষ অনুষ্ঠানমালা সম্প্রচার করবে। 'জনতার চেয়ার'সহ বাংলাদেশ বেতারের বিভিন্ন জনপ্রিয় অনুষ্ঠান নিয়ে অনুষ্ঠানমালা সাজানো হবে।<br><br>গণযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালক জানান যে, ডিএফপি থেকে প্রামাণ্যচিত্র সরবরাহ করা হলে দেশব্যাপী প্রচার করা হবে।<br><br>ডিএফপি'র মহাপরিচালক জানান যে, শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের শাহাদতবার্ষিকী উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ এখনও কোনো নির্দেশনা প্রদান করেনি। বর্তমানে ডিএফপি'র এ সংক্রান্ত কোনো বাজেট বরাদ্দ নেই। তবে মন্ত্রণালয়ের অনুমোদন পেলে এ সংক্রান্ত বাজেট দেওয়া হবে মর্মে অর্থ বিভাগ থেকে জানানো হয়েছে।<br><br>সভাপতি দিবসটিকে শ্রেণিভুক্তকরণ এবং কর্মসূচির বাজেট বরাদ্দের বিষয়ে সরকারের উর্ধ্বতন পর্যায়ে আলোচনা করবেন মর্মে আশ্বাস প্রদান করেন। এছাড়া আপাতত সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাসমূহকে | ঙ) বাংলাদেশের চলচ্চিত্র শিল্পে শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সুবিপুল কর্মময় জীবনের আলোকে একটি প্রামাণ্যচিত্র নির্মাণ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, বিএফডিসি |

| ক্রম | প্রস্তাব ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | প্রয়োজনীয় ম্যাটেরিয়াল সংগ্রহ করে রাখার জন্য অনুরোধ করেন।<br><br>বিএফডিসি'র ব্যবস্থাপনা পরিচালক জানান যে, বাংলাদেশের চলচ্চিত্র শিল্পে শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের বিশেষ অবদান রয়েছে। সে আলোকে বিএফডিসি একটি প্রামাণ্যচিত্র নির্মাণ ও প্রচারের উদ্যোগ গ্রহণ করবে। | | |
| ৪. | **দোয়া মাহফিল/বিশেষ মোনাজাত:**<br><br>বিএফডিসি'র ব্যবস্থাপনা পরিচালক জানান যে, দিবসটি উপলক্ষ্যে বিএফডিসি'র মসজিদে বিশেষ দোয়া মাহফিল আয়োজন করা হবে। অন্যান্য দপ্তর/সংস্থা প্রধানগণও এ বিষয়ে আগ্রহ প্রকাশ করেন।<br><br>সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বলেন যে, সকল দপ্তর/সংস্থা ঈদের ছুটি শেষে প্রথম কার্যদিবসে অনাড়ম্বর দোয়া মাহফিল/বিশেষ মোনাজাত আয়োজন করতে পারে। | শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের শাহাদতবার্ষিকী উপলক্ষ্যে তাঁর রুহের মাগফেরাত কামনার্থে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা ঈদের ছুটি শেষে প্রথম কার্যদিবসে অনাড়ম্বর দোয়া মাহফিল/বিশেষ মোনাজাত আয়োজন করবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল) |
| ৫. | **কর্মসূচি গ্রহণে পরিমিতিবোধ :**<br><br>প্রধান তথ্য অফিসার, পিআইডি বলেন যে, শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের শাহাদতবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানসমূহের মধ্যে শিষ্টাচার ও পরিমিতিবোধ বজায় রাখা জরুরি। | শাহাদতবার্ষিকী উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি ও অনুষ্ঠানের মধ্যে পরিমিতিবোধ ও যথাযথ শিষ্টাচার নিশ্চিত করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল) |

০৪। অতঃপর সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

জহির উদ্দিন স্বপন, এমপি
মন্ত্রী
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা